

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.১৩৭.২০১৭-১২৭২

তারিখ : ১০ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মোরাদ আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর এর বিরুদ্ধে গাংনী থানার মামলা নম্বর-০৭; তারিখ: ০৫ ডিসেম্বর ২০১৩ হতে উদ্ভূত জিআর মামলা নম্বর-৭৮০/১৩, ধারা-১৪৭/ ১৪৮/১৪৯/১৫২/৪৪৭/৩৫৩/ ১১৪ দণ্ডবিধি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক উপাদানাবলী আইনের ধারা ৩ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ মোরাদ আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর এর বিরুদ্ধে গত ০৫ ডিসেম্বর ২০১৩ তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় গাংনী থানাধীন হাটবোয়ালিয়াস্থ পাইকারী কাঁচা বাজারের আড়তের সামনের পাকা রাস্তায় তার নেতৃত্বে ৪০০ হতে ৫০০ ব্যক্তি রামদা, লাঠি, বল্লম, হাসুয়া, ইটপাটকেল ও হাতবোমাসহ বেআইনী জনতায় জোটবদ্ধ হয়ে রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি ও পুলিশের কাজে বাধা প্রদান এবং ইটপাটকেল নিষ্ক্ষেপ ও বোমা বিস্ফোরণ ঘটিয়ে জনমনে আতঙ্ক/ভীতি সৃষ্টি করার অভিযোগ রয়েছে। উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩খ(১) অনুসারে মেহেরপুর জেলার গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মোরাদ আলীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J. M. in
২৫/১০/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.১৩৭.২০১৭-১২৭২

তারিখ : ১০ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ৮। উপপরিচালক, স্থানীয় সরকার, মেহেরপুর।
- ৯। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।
- ১২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মেহেরপুর/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাংনী, মেহেরপুর।
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। জনাব মোঃ মোরাদ আলী, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।

J. M. in
২৫/১০/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব